



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.com

স্মারক নং- এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-১১৪

তারিখঃ ২৭/০৩/২১

প্রেস বিজ্ঞপ্তি-

লেখক মুশতাক আহমেদ এর মৃত্যুতে নিন্দা ও উদ্বেগ প্রকাশ

ডিজিটাল নিরাপত্তা আইনে গাজীপুরের কাশিমপুর হাই সিকিউরিটি কারাগারে বন্দী লেখক মুশতাক আহমেদ (৫৩) এর মৃত্যুতে তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ করছে জাতীয় মানবাধিকার কমিশন। গণমাধ্যম সূত্রে জানা যায়, গত বছরের মে মাসে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কথাবার্তা ও গুজব ছড়ানোর অভিযোগে তার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করে র্যাব।

কমিশন মনে করে, অনাকাঙ্ক্ষিত যেকোন মৃত্যু সংবিধান ও মানবাধিকারের পরিপন্থি। কারাবন্দি অবস্থায় মৃত্যুর দায় রাষ্ট্র বা তার অধীনস্থ কোন সংস্থা কোনোভাবেই এড়াতে পারেনা। এটি মানবাধিকারের চরম লঙ্ঘন। সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে লেখক মুশতাক আহমেদের মৃত্যুর সঠিক কারণ উদঘাটন করে কমিশনকে অবহিত করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের নিকট পত্র প্রেরণ করা হচ্ছে।

ধন্যবাদান্তে

স্বাক্ষরিত/-

ফারহানা সান্দেদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন